শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ উপজেলা পরিষদের অক্টোবর, ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভার তারিখ | ঃ ২৬ অক্টোবর, ২০২৩ খ্রিঃ। |
| সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর নবাগত উপজেলা নির্বাহী অফিসার তাঁর পরিচয় প্রদান করে সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**সভায় শুরুতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক যোগাযোগ মন্ত্রী সৈয়দ আবুল হোসেন মহোদয়ের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে প্রস্তাব গ্রহণ এবং তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।**

মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৫ ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব মুহিবুর রহমান মানিক দোয়ারাবাজার উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানদ্বয়, সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণ, সংরক্ষিত মহিলা সদস্যগণ এবং উপজেলা নির্বাহী অফিসার ও বিভাগীয় কর্মকর্তাগণসহ উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

তিনি আরো বলেন দোয়ারাবাজার উপজেলায় এ সরকারের মেয়াদে ব্যাপক উন্নয়ন হয়েছে। তিনি যখন ১৯৯৬ সালে প্রথম সংসদ সদস্য নির্বাচিত হন তখন এ উপজেলা কোন পাকা রাস্তা ছিল না, কিন্তু বর্তমানে প্রতিটি ইউনিয়নে পাকা রাস্তা বিদ্যমান রয়েছে। ছাতক -দোয়ারাবাজার উপজেলায় প্রায় ১,০০০ কোটি টাকার উন্নয়ন কাজ চলমান রয়েছে। এ ধারাবাহিকতা অব্যাহত থাকলে আগামী ৫ বছরের মধ্যে দোয়ারাবাজার উপজেলা একটি উন্নত উপজেলায় রূপান্তরিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন এ উপজেলা শিক্ষায় সবচেয়ে পিছিয়ে ছিল, তাই এ অঞ্চলের শিক্ষা ব্যবস্থা উন্নয়নে প্রতিটি ইউনিয়নে মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ক্রমে প্রতিটি ইউনিয়নে একটি করে কলেজ স্থাপন করে ছেলে-মেয়েদের উচ্চ শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া দোয়ারাবাজার উপজেলায় কোন বালিকা বিদ্যালয় ছিল না, তাই উপজেলা সদরে একটি বালিকা বিদ্যালয় স্থাপন করে এ অঞ্চলের মেয়েদের শিক্ষা ব্যবস্থাকে আরো উন্নত করেছেন মর্মে তিনি উল্লেখ করেন। দোয়ারাবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজের ভবনের কাজ প্রায় শেষ পর্যায়ে, এ বছর থেকে ভর্তি কার্যক্রম শুরু হলে শিক্ষা ব্যবস্থা আরো প্রসারিত হবে মর্মে তিনি উল্লেখ করেন। নতুন কয়েকটি বিদ্যালয়ের ভবন টেন্ডার হয়েছে এবং কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ে আধুনিক ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। পর্যায়ক্রমে বাকী বিদ্যালয়গুলোতে আধুনিক ভবন নির্মাণ করা হবে মর্মে তিনি উল্লেখ করেন।

তিনি আরো বলেন এ উপজেলা প্রায় ২০ হাজার পরিবার সরকারের বিশেষ সুবিধা পাচ্ছেন। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধি ভাতাভোগীদের ভাতা আরো বৃদ্ধি করার পরিকল্পনা সরকারের রয়েছে। ইতোমধ্যে সরকার ২৬২ টি উপজেলাকে শতভাগ ভাতার আওতায় নেওয়া হয়েছে, পর্যায়ক্রমে সকল উপজেলাকে শতভাগ ভাতার আওতায় আনা হবে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি আরো বলেন আগামী ২৮শে অক্টোবর/২৩ তারিখে এ উপজেলায় সরকারের বিভিন্ন প্রকার উপকারভোগীদের নিয়ে একটি জনসভা অনুষ্ঠিত হবে। উক্ত জনসভায় সকল জনপ্রতিনিধিসহ উপস্থিত সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানান।

এরপর বিভাগওয়ারী নিমরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৩- ২০২৪ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান রয়েছে, দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পূর্ণ করা হবে মর্মে তিনি জানান। | ক) ২০২৩- ২০২৪ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহ দ্রুত প্রাক্কলন প্রস্তুত করে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার |

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | খ) চেয়ারম্যান, পান্ডারগাঁও ইউনিয়ন পরিষদ বলেন দোয়ারাবাজার-বড়কাপন রাস্তা মেরামতের জন্য ২০ কোটি টাকা বরাদ্দ প্রদান করায় মাননীয় সংসদ সদস্য মহোদয়কে পান্ডারগাঁও ইউনিয়ন বাসীর পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তাঁর ইউনিয়নের প্রয়োজনীয় রাস্তাগুলো পাকাকরণ এবং প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে নতুন নতুন ভবন নির্মাণ করে মাননীয় সংসদ সদস্য মহোদয় পান্ডারগাঁও বাসীর অন্তরে স্থান করে নিয়েছেন মর্মে তিনি উল্লেখ করেন।<br>গ) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন নুরপুর গ্রামকে সুরমা নদী ভাঙ্গন প্রতিরোধ করায় এবং মহব্বতপুর-রাবার ড্যাম রাস্তা পাকাকরণের বরাদ্দ প্রদান করায় মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।<br>ঘ) চেয়ারম্যান, নরসিংপুর ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের নরসিংপুর বাজারে ধান বাজার নির্মাণে একটি সমস্যা সৃষ্টি হয়েছে। বিষয়টি সমাধানের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানান।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন তারিখ করে একদিন নরসিংপুর বাজারে বসে বিষয়টি সমাধান করার আশ্বাস প্রদান করেন।<br>ঙ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন পান্ডারখালের ব্রিজের দু'পাশের এপ্রোচের অবস্থা এত খারাপ যে যান চলাচলে মারাত্নক সমস্যা সৃষ্টি হচ্ছে। তাই ব্রীজের এপ্রোচ পাকাকরণ এবং ব্রীজের গোড়া হতে বড় কাপন রাস্তার মাদ্রাসা পর্যন্ত রাস্তাটিও মেরামত করা অতীব প্রয়োজন মর্মে তিনি সভায় জানান।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন ব্রিজের দু'পাশের এপ্রোচ এবং ব্রীজের গোড়া হতে বড় কাপন রাস্তার মাদ্রাসা পর্যন্ত রাস্তাটি মেরামত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | খ) দোয়ারাবাজার-বড়কাপন রাস্তা মেরামতের জন্য ২০ কোটি টাকা বরাদ্দ প্রদান করায় মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়।<br>ঙ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০২ | মাধ্যমিক শিক্ষা | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। শেখ রাসেল কম্পিউটার ল্যাব যেসব বিদ্যালয় ও মাদ্রাসায় নেই তার তালিকা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি সভায় জানান।<br>খ) মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন এ উপজেলায় কোন বালিকা বিদ্যালয় ছিল না। দোয়ারাবাজার উপজেলায় মেয়েদের শিক্ষাকে প্রসারিত করার জন্য তিনি একটি বালিকা উচ্চ বিদ্যালয় ২০১৬ খ্রিঃ এ স্থাপন করে ছিলেন। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ৯৮ টি বিদ্যালয়কে বিশেষ সুবিধায় এমপিও ভূক্তি করেছেন, এর মধ্যে মুহিবুর রহমান মানিক বালিকা উচ্চ বিদ্যালয়ও নিন্ম মাধ্যমিক এমপিও ভূক্তি করা হয়েছে। তিনি মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।<br>গ) মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন পান্ডারগাঁও ইউনিয়নে প্রত্যান্ত অঞ্চল সোনাপুর গ্রাম। যে গ্রামটি | ক) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>খ) মুহিবুর রহমান মানিক বালিকা উচ্চ বিদ্যালয়কে নিন্ম মাধ্যমিক পর্যায়ে এমপিও ভূক্তি করায় মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়।<br>গ) সোনাপুর এএসডি মডেল উচ্চ বিদ্যালয়ের সোলার বিদ্যুৎ বিক্রির অভিযোগটি তদন্তপূর্বক | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০২ | মাধ্যমিক শিক্ষা | হাওর এলাকায় অবস্থিত। সেই গ্রামে সোনাপুর এএসডি মডেল উচ্চ বিদ্যালয় স্থাপন করে ঐ অঞ্চলের শিক্ষা ব্যবস্থাকে ত্বরান্বিত করা হয়েছে। সোনাপুর এএসডি মডেল উচ্চ বিদ্যালয়ে প্রায় ৭ লক্ষ টাকা ব্যয়ে একটি সোলার বিদ্যুৎ প্রদান করা হয়েছিল কিন্তু ঐ সোলার বিদ্যুৎ বিক্রি করা হয়েছে মর্মে তাঁর নিকট অভিযোগ এসেছে। তাই বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| ০৩ | সমাজসেবা বিভাগ | ক) উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০২৩-২৪ অর্থ বছরে বয়স্ক ও বিধবা ভাতার বরাদ্দের বিপরীতে অনলাইনে আবেদনের সময় সমাপ্ত হয়েছে। বয়স্ক ভাতার আবেদন পড়েছে ৩,৬৩৮টি, বিধবা ভাতার আবেদন পড়েছে ৩,৭৭৬ টি এবং প্রতিবন্ধি ভাতার আবেদন পড়েছে ৭৬১ টি। বর্তমানে ভাতার বাছাইয়ের কাজ চলমান রয়েছে মর্মে তিনি সভায় জানান। | ক) ভাতার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার |
| ০৪ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। আমন চাষের লক্ষমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। আমন চাষের পর প্রায় ৩ মাস জমি পতিত থাকে, এ অবস্থায় জমিগুলোতে সরিষা চাষ করা যেতে পারে। এ ক্ষেত্রে কৃষক পর্যায়ে বীজের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান | ক) কৃষক পর্যায়ে সরিষা বীজ প্রদানের লক্ষ্যে উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার |
| ০৫ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। দোয়ারাবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ সিজার কার্যক্রম শুরু হয়েছে। স্বাস্থ্য কমপ্লেক্সে এ নরমাল ডেলিভারি এবং সিজার করার ব্যবস্থা রয়েছে মর্মে জনগণকে অবহিত করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান | ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ নরমাল ডেলিভারি এবং সিজার করার ব্যবস্থা রয়েছে মর্মে জনগণকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিসার দোয়ারাবাজারে না থাকায় এ বিষয়ে আলোচনা করা যাচ্ছে। টিউবওয়েলের বিষয়ে অনেক অভিযোগ পাওয়া যাচ্ছে। ঠিকাদারের মেস্তরী বিভিন্ন ভাবে টিউবওয়েল এর উপকারভোগীকে হয়রানী করছেন এবং সঠিক লেয়ার নির্ণয় না করে টিউবওয়েল স্থাপন করে চলে যাচ্ছে, এতে উপকারভোগী ক্ষতির সম্মুখীন হচ্ছে মর্মে তিনি উল্লেখ করেন।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন একটি টিউবওয়েল স্থাপনে সরকার অনেক টাকা দিচ্ছে তারপরও যদি ঠিকাদার গরীব মানুষদের সাথে এভাবে হয়রানী করে তাহলে ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্থানীয় জনপ্রতিনিধির প্রত্যয়ন ছাড়া বিল যেন ঠিকাদার উত্তোলন করতে না পারে সে বিষয়ে জেলা সমন্বয় সভায় আলোচনা করার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | স্থানীয় জনপ্রতিনিধির প্রত্যয়ন ছাড়া বিল যেন ঠিকাদার উত্তোলন করতে না পারে সে বিষয়ে জেলা সমন্বয় সভায় আলোচনা করার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | হাট বাজার | চেয়ারম্যান, মান্নারগাঁও ইউনিয়ন পরিষদ বলেন হাটবাজার উন্নয়ন ও রক্ষাণাবেক্ষণ খাতে কাটাখালী বাজারে ড্রেন নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছিল। কিন্তু বাজারের ব্যবসায়ীগণ ড্রেনের পরিবর্তে গলি পাকাকরণের জন্য বলছেন। তাই কাটাখালী বাজারের ড্রেনের পরিবর্তে বাজারের গলি পাকাকরণের অনুরোধ জানান। | হাটবাজার উন্নয়ন ও রক্ষাণাবেক্ষণ খাতে কাটাখালী বাজারের ড্রেনের পরিবর্তে বাজারের গলি পাকাকরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৮ | বনবিভাগ | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন মহব্বতপুর বাজার হতে রাবার ড্রাম পর্যন্ত রাস্তা নির্মাণের জন্য দরপত্র আহবান করে ঠিকাদার নিয়োগ করা হয়েছে। রাবার ড্রাম ব্রীজের গোড়া হতে ৩০০ মিটারের মধ্যে ছোট-বড় ২১ টি গাছ বিদ্যমান থাকায় রাস্তার উন্নয়ন কাজ করা সম্ভব হচ্ছে না। তাই গাছগুলোর দাম নির্ণয় করার জন্য ফরেষ্ট অফিসার (অঃ দাঃ দোয়ারাবাজারকে পত্র দেওয়ার পর তিনি ২১টি গাছের মূল্য নির্ধারণ করে পত্র প্রেরণ করেছেন। তিনি ২১ টি গাছের মূল্য নির্ধারণ পত্রটি সভায় উপস্থাপন করেন।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন যেহেতু ২১ টি গাছের মূল্য নির্ধারণ করা হয়েছে, সেহেতু উপজেলা কমিটি একটি সভা করে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় বরাবরে অনুমোদনের জন্য প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | মহব্বতপুর বাজার হতে রাবার ড্রাম পর্যন্ত রাস্তার রাবার ড্রাম ব্রীজের গোড়া হতে ৩০০ মিটারের মধ্যে ছোট-বড় ২১ টি গাছ কর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কমিটিকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার |
| ০৯ | সংস্থাপন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ সভায় জানান যে. উপজেলা পরিষদের ০২ (দুই) জন নিয়মিত কর্মচারী যথাক্রমে জনাব মোঃ সফিকুর রহমান, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও জনাব মোঃ হারুন অর রশিদ, গাড়ি চালক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ অনুযায়ী (অষ্টম অধ্যায়) বিধি ৪৬-৫৯ অনুসরণপূর্বক দোয়ারাবাজার উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব নম্বর খোলার জন্য আবেদন দাখিল করেছেন। এ বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১শাখা হতে গত ২৪/১০/২০২০খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০-৭৩৬ নং স্মারকপত্র মাধ্যমে নির্দেশনা প্রদান করেছেন। তিনি ০২ (দুই) জন কর্মচারীর নামে পৃথক পৃথক প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব খোলা সংক্রান্ত আবেদন ও স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত পত্রটি সভায় উপস্থাপন করেন। | উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা এবং উক্ত ০২ (দুই) জন কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে স্ব স্ব কর্মচারীর জন্য প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলা এবং উক্ত তহবিলে বিধি মোতাবেক হারে বছরের শেষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে কর্মচারীদের হিসাবে জমা প্রদানের সিদ্ধান্ত হয়। এছাড়া উক্ত হিসাব স্ব স্ব কর্মচারী ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে মর্মে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট কর্মচারীগণ। |
| ১০ | অন্যান্য | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন বাংলাদেশে প্রথমবারের মতো চালু হল সার্বজনীন পেনশন স্কীম। এ স্কীমে আওতায় সরকারী চাকুরীজীবী ব্যবীত দেশের সকল নাগরিক পেনশন সুবিধার অন্তর্ভুক্ত হল। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্বোধনের পর এটির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। কারো বয়স ১৮ বছরের বেশী হলেই এ স্কীমে নিবন্ধন করতে পারবেন। সরকার জনগণের সার্বিক নিরাপত্তার কথা চিন্তা করে সার্বজনীন পেনশন স্কীম চালু করেছেন। তাই এ বিষয়ে জনগণকে অবহিত করার জন্য সকল জনপ্রতিনিধিগণকে | সার্বজনীন পেনশন স্কীম সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানানো হয়। | |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০ | অন্যান্য | অনুরোধ জানান।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন সরকার জনগণের সামাজিক নিরাপত্তার কথা চিন্তা করে এ সার্বজনীন পেনশন স্কীম চালু করেছেন। এতে মানুষের সামাজিক নিরাপত্তা নিশ্চিত হবে। তাই এ বিষয়ে জনগণকে অবহিত করা অতীব প্রয়োজন। | | |
| ১১ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন ২০২৩-২৪ অর্থ বছরের সেপ্টেম্বর/২৩ মাসে মোট ১০ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২৩-২৪ অর্থ বছরের সেপ্টেম্বর/২৩ মাসে মোট ০৬ দিন সরকারী কাজেও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২৩-২৪ অর্থ বছরের সেপ্টেম্বর/২৩ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ সেপ্টেম্বর/২৩ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৩% আয়কর ৮১০/- টাকাসহ মোট ২৯,৫৬৫/- (উনত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৫১০/- টাকার ৭.৫% ভ্যাট ২২৬/- টাকা ও ৩% আয়কর ৯০/- টাকাসহ মোট ৪,৮২৬/- (চার হাজার আটশত ছাব্বিশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>গ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলায় জয় সেট সেন্টার উদ্বোধন করা হয়। উদ্বোধনী ফলক তৈরিতে ভ্যাট ও আয়করসহ মোট ৯,৮০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | ক) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২৩ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) উপজেলায় জয় সেট সেন্টার উদ্বোধনী ফলক তৈরিতে ভ্যাট ও আয়করসহ মোট ৯,৮০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৬.১০.২৩
(দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫,৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২২- ৬৬

তারিখ ঃ- ২৬ অক্টোবর, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৮, সুনামগঞ্জ-০৫।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৫। জনাব/বেগম ............................................, ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৬। উপজেলা ..................................................অফিসার (সংশ্লিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৭। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৮। জনাব..........................................................................................।

৯। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১০। সংরক্ষণ নথি

২৬।১০।২৩

(নেহের নিগার তনু)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
দোয়ারাবাজার উপজেলা পরিষদ।

e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮